

# 🗏 আল-মুরসালাত | Al-Mursalat | ٱلْمُرْسَلَات

আয়াতঃ ৭৭:২৮

# 💵 আরবি মূল আয়াত:

# وَيلٌ يُّومَئِذٍ لِّلمُكَذِّبِينَ ﴿٢٨﴾

#### 🗚 আনুবাদসমূহ:

মিথ্যারোপকারীদের জন্য সেদিনের দুর্ভোগ! — আল-বায়ান সেদিন দুর্ভোগ সত্য প্রত্যাখ্যানকারীদের জন্য। — তাইসিরুল সেদিন দুর্ভোগ মিথ্যা আরোপকারীদের জন্য। — মুজিবুর রহমান Woe, that Day, to the deniers. — Sahih International

### ২৮. সেদিন দুর্ভোগ মিথ্যারোপকারীদের জন্য।(১)

(১) এখানে এ আয়াতাংশ। এ অর্থে বলা হয়েছে যে যেসব লোক আল্লাহ তা'আলার কুদরত ও কর্মকৌশলের এ বিস্ময়কর নমুনা দেখেও আখেরাতের সম্ভাব্যতা ও যৌক্তিকতা অস্বীকার করছে এবং এ দুনিয়ার ধ্বংসের পর আল্লাহ তা'আলা আরো একটি দুনিয়া সৃষ্টি করবেন এবং সেখানে মানুষের কাছ থেকে তার কাজের হিসেব গ্রহণ করবেন এ বিষয়টিকেও যারা মিথ্যা মনে করছে, তারা তাদের এ খামখেয়ালীতে মগ্ন থাকতে চাইলে থাকুক। তাদের ধারণা ও বিশ্বাসের সম্পূর্ণ বিপরীত এসব কিছু যেদিন বাস্তব হয়ে দেখা দেবে, সেদিন তারা বুঝতে পারবে যে, এ বোকামির মাধ্যমে তারা নিজেরাই নিজেদের ধ্বংসের ব্যবস্থা করেছে মাত্র।

তাফসীরে জাকারিয়া

## (২৮) সেদিন দুর্ভোগ মিথ্যাজ্ঞানকারীদের জন্য।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5650

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন